রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৫ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০১১.১৬.২৮—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীদের জন্য "নিম্নতম মজুরি বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-"ক" ও "খ" তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা:—

**তফসিল "ক"**
**শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | গ্রেড-১<br>১।সুপারভাইজার (টেকনিক্যাল)<br>২। হেড মিস্ত্রী | বিভাগীয় শহর | ১৮৮৩০/- | ৯৪১৫/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ৩১০৪৫/- |
| | | অন্যান্য এলাকা | ১৮৮৩০/- | ৭৫৩২/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২৯১৬২/- |


**মূল্য ঃ** টাকা ৮.০০

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২। | **গ্রেড-২:**<br>১। মোল্ডার<br>২। কার্পেন্টার | বিভাগীয় শহর | ১৩৪৫০/- | ৬৭২৫/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২২৯৭৫/- |
| | ৩। ফিটার<br>৪। ফার্নেসম্যান<br>৫। ফায়ারম্যান<br>৬। টার্ণার<br>৭। ওয়েল্ডার<br>৮। চিপার<br>৯। ইলেকট্রিশিয়ান<br>১০। গ্রিন্ডার<br>১১। নিলম্যান<br>১২। ব্ল্যাকস্মীথ<br>১৩। স্যাপারম্যান<br>১৪। ড্রিলম্যান<br>১৫। মেশিনম্যান<br>১৬। ডাইসম্যান<br>১৭। পিকলার<br>১৮। গ্যালভানাইজার<br>১৯। এনেলার | অন্যান্য এলাকা | ১৩৪৫০/- | ৫৩৮০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২১৬৩০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ৩। | **<u>গ্রেড-৩:</u>**<br>১। মোল্ডার হেলপার<br>২। কার্পেন্টার হেলপার<br>৩। ফিটার হেলপার<br>৪। ফার্নেস হেলপার<br>৫। টার্ণার হেলপার<br>৬। ওয়েল্ডার হেলপার<br>৭। চিপিং হেলপার<br>৮। ফায়ারম্যান হেলপার<br>৯। ইলেকট্রিশিয়ান হেলপার<br>১০। নিলম্যান হেলপার<br>১১। গ্রিন্ডার হেলপার<br>১২। ব্ল্যাকস্মীথ হেলপার<br>১৩। মেশিন হেলপার<br>১৪। হ্যামারম্যান<br>১৫। ডাইসম্যান হেলপার<br>১৬। পিকলার হেলপার<br>১৭। গ্যালভানাইজার হেলপার<br>১৮। এনেলার হেলপার | বিভাগীয় শহর | ৯৬৮০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৭৩২০/- |
| | | অন্যান্য এলাকা | ৯৬৮০/- | ৩৮৭২/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৬৩৫২/- |
| ৪। | **<u>গ্রেড-৪:</u>**<br>১। ফার্নেস বিভাগের শ্রমিক<br>২। চিপিং সেকশনের শ্রমিক<br>৩। মুদ্রণ সেকশনের শ্রমিক<br>৪। অন্যান্য শ্রমিক | বিভাগীয় শহর | ৭০০০/- | ৩৫০০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৩৩০০/- |
| | | অন্যান্য এলাকা | ৭০০০/- | ২৮০০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১২৬০০/- |

| | | |
|---|---|---|
| ৫। | **শিক্ষানবিশ শ্রমিক :** | ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। |

## তফসিল "খ"
## কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। উচ্চমান সহকারী<br>২। হিসাবরক্ষক<br>৩। স্টোর কিপার | বিভাগীয় শহর | ১৬১৪০/- | ৮০৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৬০১০/- |
| | | অন্যান্য এলাকা | ১৬১৪০/- | ৬৪৫৬/- | ১০০০/- | ৮০০/- | ২৪৩৯৬/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। সহকারী হিসাবরক্ষক<br>২। স্টোর এসিসটেন্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। টাইম কিপার<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। টাইপিস্ট<br>৭। ক্লার্ক<br>৮। ড্রাইভার | বিভাগীয় শহর | ১০৭৬০/- | ৫৩৮০/- | ১০০০/- | ৮০০/- | ১৭৯৪০/- |
| | | অন্যান্য এলাকা | ১০৭৬০/- | ৪৩০৪/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮৬৪/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। মালি<br>৪। নাইটগার্ড<br>৫। সুইপার | বিভাগীয় শহর | ৮০৭০/- | ৪০৩৫/- | ১০০০/- | ৮০০/- | ১৩৯০৫/- |
| | | অন্যান্য এলাকা | ৮০৭০/- | ৩২২৮/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৯৮/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী :** | (ক) শিক্ষানবিসীকাল ০৬(ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## শর্তাবলি

১। এই তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭০০০/- (সাত হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৩৫০/- (সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৩৫০/- (সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭৭১৭.৫০ (সাত হাজার সাতশত সতেরো টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে।

১২। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। উক্ত শিল্প সেক্টরে প্রত্যক্ষভাবে কর্মরত শ্রমিকগণ ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

১৫। এই প্রজ্ঞাপনের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd